আলমডাঙ্গা হারদী মীর শামসুজ্জোহা ডিগ্রি কলেজের শিক্ষক-কর্মচারীদের বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা হারদী মীর শামসুজ্জোহা ডিগ্রি কলেজের শিক্ষক-কর্মচারীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

কলেজের শিক্ষক-কর্মচারী কল্যাণ ফোরামের উদ্যোগে এ বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা হারদী মীর শামসুজ্জোহা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মো. আলিমুজ্জামান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. নিয়ামত আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক আব্দুর রাজ্জাক।

সহকারী অধ্যাপক একেএম ফারুকের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক আব্দুর রহমান, সহকারী অধ্যাপক মোছা. জেসমিন আরা, সহকারী অধ্যাপিকা হোসনে আরাসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে বিদায়ী শিক্ষকদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেওয়া হয়। সম্মাননা প্রাপ্ত বিদায়ী শিক্ষকরা হলেন, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মো. সালাহউদ্দিন, সমাজকল্যাণ বিভাগের সহকারী অধ্যাপক মো. আবদুল কুদ্দুস, পদার্থবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপিকা হোসনে আরা এবং বাংলা বিভাগের সহকারী অধ্যাপিকা মোছা. জেসমিন আরা।

আলমডাঙ্গা ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির নির্বাচনী কমিটি গঠন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন–২০২৬ উপলক্ষ্যে ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির আয়োজনে নির্বাচনী পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। চুয়াডাঙ্গা–১ আসনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মনোনীত প্রার্থী শরীফুজ্জামান শরীফের নির্বাচনী কার্যক্রমকে সুসংগঠিত ও গতিশীল করতে ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির উদ্যোগে নির্বাচনী পরিচালনা কমিটি গঠন করা হয়েছে।

বুধবার বিকালে আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়ীয়া ইউনিয়নের ভাংবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত এ আয়োজনে সভাপতিত্ব করেন ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান।

অনুষ্ঠানে উপজেলা বিএনপির পক্ষ থেকে দায়িত্বপ্রাপ্ত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাচন পরিচালনা কমিটির সদস্য ও ভাংবাড়ীয়া ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত নেতা, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি সানোয়ার হোসেন লাড্ডু। তিনি তার বক্তব্যে বলেন—“দেশের গণতন্ত্র ও ভোটাধিকার পুনরুদ্ধারে এই নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। তৃণমূলের প্রতিটি নেতাকর্মীকে ঐক্যবদ্ধ হয়ে ধানের শীষের পক্ষে কাজ করতে হবে। জনগণের ভালোবাসাই হবে আমাদের শক্তি।”

বিশেষ অতিথি উপজেলা কৃষকদলের সাবেক সভাপতি বোরহান উদ্দিন বলেন—“বিএনপি কখনো আন্দোলনের মাঠ থেকে পালিয়ে যায়নি। কৃষক, শ্রমিক ও সাধারণ মানুষের অধিকার রক্ষায় ধানের শীষের বিজয় নিশ্চিত করা এখন সময়ের দাবি।”এছাড়াও বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা বিশ্বাস, উপজেলা বিএনপি নেতা আব্দুল মজিত।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সভাপতি সাজিবুল হক রাজন–এর সঞ্চালনায় সভায় আরও উপস্থিত ছিলেন ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আতাউল হুদা, সাবেক সাধারণ সম্পাদক সাহিবুল ইসলাম সন্টু, সিনিয়র সহ-সভাপতি আব্দুল কুদ্দুস মিরা, সহ-সভাপতি মজিরুল ইসলাম বিজু ও এখলাচুর রহমান, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মফিজুর রহমান রাজা, যুগ্ম সাধারণ সম্পাদক তহিবুল হুদা তুহিন ও মিজানুর

রহমান, সাংগঠনিক সম্পাদক আব্দুল মাবুদ, সাবেক সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সাইফুল হুদা সোহেল, সাবেক যুবদল সভাপতি শহিদুল ইসলাম ঝন্টু, মুর্শিদ কলিনসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী।
কমিটি ঘোষণা

সভা শেষে উপস্থিত নেতাকর্মীদের সর্বসম্মতিক্রমে ৩১ সদস্য বিশিষ্ট ভাংবাড়ীয়া ইউনিয়ন নির্বাচনী পরিচালনা কমিটি ঘোষণা করা হয়। কমিটির নেতৃবৃন্দ ধানের শীষের বিজয় নিশ্চিত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

আলমডাঙ্গায় সর্বনিম্ন

তাপমাত্রায় জনজীবনে দুর্ভোগ-

ঐশিকার উদ্যোগে শীতবস্ত্র

বিতরণ

চুয়াডাঙ্গা সহ আলমডাঙ্গায় সর্বকালের সর্বনিম্ন তাপমাত্রা বিরাজ করছে। সাধারণ শ্রমজীবী মানুষের জন জীবনে দুর্ভোগ বেড়েই চলেছে। কনকনে শীতে আর হিমেল বাতাসে মানুষ ঘর থেকে বাহির হয়ে কর্মস্থলে পৌঁছাতে কষ্টের অন্ত নেই। এই অবস্থায় শীতার্ত অসহায় মানুষের মাঝে পাশে দাঁড়াতে সকল স্বেচ্ছাসেবী সংস্থা, বেসরকারি সংস্থা ও ধনীকশ্রেনী কে এগিয়ে আসার আহব্বান জানিয়েছেন সুশীল সমাজ।

আলামডাঙ্গায় ঐশিকা সংস্থার উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরন করেছেন। আলামডাঙ্গা থানাপাড়া ঐশিকা সংস্থার উদ্যোগে ৩ শতাধিক শীতার্ত অসহায় ও দরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর ১টার দিকে থানা পাড়া ঐশিকা সংস্থার কার্যালয় হতে আনুষ্ঠানিকভাবে শীতবস্ত্র কম্বল বিতরণ করেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার। সমাজসেবা অফিসার

সাজ্জাদ হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, গার্মেন্টস মালিক সমিতির সভাপতি আব্দুস সামাদ, ঐশিকা সংস্থার নির্বাহী কর্মকর্তা আশরাফুল কবির, সংস্থার শাখা ব্যবস্থাপক আলাউদ্দিন, মোঃ মোবারক হোসেন, সার্জেন আলী।

সার্বিক দায়িত্বে ছিলেন, ঐশিকা সংস্থার সহ-সভাপতি আবু সাঈদ মিয়া। ঐশিকার সংস্থার স্বত্বাধিকারী আমেরিকা প্রবাসী আব্দুল মান্নান রতন জমিদারের পক্ষ থেকে জানানো হয়, প্রতি বছরের মত এবারো মানবিক দায়িত্ববোধ থেকেই এই উদ্যোগ নেওয়া হয়েছে এবং শীতকালজুড়ে তাদের সহায়তা কার্যক্রম চলমান থাকবে।

আলমডাঙ্গায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত ১

আলমডাঙ্গা মুন্সিগঞ্জ এলাকার মাধবিতলা নামক স্থানে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় প্রান গেল একজন মৎস্যজীবী দিনমজুরের। গতকাল সকাল ৭ টার সময় এই দুর্ঘটনা ঘটে।

জানা গেছে, ঝিনাইদহ মহেশপুর বাগান মাঠ গ্রাম থেকে আলমসাধু যোগে মাছ নিয়ে আলমডাঙ্গায় আসছিলেন। মাছভর্তি আলমসাধু পিটি আই মোড় ছাড়িয়ে মাধবিতলায় আসলে, উল্টো দিক থেকে দ্রুত গতিতে ছুটে আসা বালুভর্তি ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। আলমসাধু চালক ছিটকে পড়ে প্রানে বাঁচলেও হেলপার হিসেবে আসা আলি হোসেন ফরায়জী ঘটনাস্থলে মৃত্যু বরণ করেন।

সকালের কনকনে শীতে আর ঘন কোঁয়াশায় এইসব বালি বোঝাই ট্রাকের দ্রুত গতিতে ছুটে আসাকেই এই দুর্ঘটনা জন্য দায়ী করেছেন এলাকাবাসী। সেই সাথে বিক্ষুব্ধ জনতা এই রকম বালি বোঝাই ট্রাক থামিয়ে বিক্ষোভ প্রকাশ করেন।

আলমডাঙ্গা থানা পুলিশ ও মুন্সিগঞ্জ ক্যাম্প পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

মৃত আলি হোসেনের লাশ উদ্ধার করে আলমডাঙ্গা থানা পুলিশ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করেন।

আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ বানী ইসরায়েল বলেন, আটককৃত বালিভর্তি ট্রাক থানায় নিয়ে আসা হয়েছে।মামলার প্রস্তুতি চলছে এবং যথাযথ আইনানুগ ব্যবস্থা করা হবে।

আলমডাঙ্গায় শীতার্ত মানুষের দুর্ভোগ -ডাউকিতে শীতবস্ত্র বিতরণ

কনকনে শীতে জুবুথুবু অসহায় মানুষের কষ্ট দিনদিন বেড়েই চলেছে। দিনমজুর, শ্রমিক থেকে কৃষক সকলেই প্রচন্ড শীতে কর্মহীন হয়ে পড়েছে। সূর্যের আলো দেখা নেই কয়েকদিন থেকে। সকালের ঘন কোঁয়াশায় ঢেকে রেখেছে সারাদিন, সাথে কনকনে ঠান্ডা ঝড়ো হাওয়া জন জীবন দুর্ভোগ বেড়েই চলেছে।

আলমডাঙ্গায় কনকনে শীতের কামড়ে জর্জরিত অসহায় ছিন্নমূল মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার সকাল ১০টার দিকে ডাউকি গ্রামের কৃতি সন্তান “উন্নয়ন সংস্থা ” চেয়ারম্যান ও ডাউকি বশিরা মালিক মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা মাহবুবুল হক খোকনের উদ্যোগে ডাউকি গ্রামের প্রায় দুইশতাধিক দুঃস্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

শীতের কম্বল হাতে পেয়ে অনেক অসহায় ও দুস্থ মানুষ খুশির বন্যা বয়ে যায়। পরে দুস্থদের খুঁজে খুঁজে তাদের হাতেও কম্বল তুলে দেওয়া হয়। বিতরণকালে সমাজ সেবা অফিসার মোঃ সাজ্জাদ হোসেন, এ্যাডঃ ইউনুস আলী, সাবেক ইউপি সদস্য ইয়াকুব আলী, সমাজ সেবক আঃ সাত্তার, সমাজ কর্মী ঠান্ডু রহমানসহ গ্রামবাশী উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় বিএনপির মতবিনিময় সভা

আলমডাঙ্গা উপজেলা পৌর বিএনপি’র উদ্যোগে কর্মীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আখতার হোসেন জোয়ার্দার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপি’র মনোনীত প্রার্থী ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক মো:শরীফুজ্জামান শরীফ।

প্রধান বক্তা আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি শহিদুল কাউনাইয়িন টিলু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক সফিকুল ইসলাম পিটু। এছাড়া আরো উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর বিএনপি’র সভাপতি আজিজুর রহমান পিন্টু, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, আলমডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আসিরুল ইসলাম সেলিম, আলমডাঙ্গা পৌর বিএনপি’র সাবেক সভাপতি আনিসুর রহমান আনিস।

আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন এর সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন, জেলা আইনজীবী ফোরাম এর আহ্বায়ক অ্যাড. আ স ম আব্দুর রউফ, জেলা কৃষক দলের সদস্য সচিব ও বাড়াদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তোবারক হোসেন, জেলা জাসাস এর সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক ফিরোজ সরোয়ার রোমান, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক গোলাম হোসেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক হাজী মকবুল হোসেন, আলমডাঙ্গা পৌর বিএনপি’র যুগ্ম সম্পাদক মাহাবুল মাস্টার, সাংগঠনিক সম্পাদক খন্দকার কাজী সাচ্চু, আলমডাঙ্গা উপজেলা কৃষক দলের সাবেক আহ্বায়ক বোরহান উদ্দিন, আইলহাস ইউনিয়ন বিএনপি’র সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিনহাজ উদ্দিন বিশ্বাস, কুমারী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মহাবুব হোসেন, বাড়াদী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মাসুদউর রহমান মাসুদ, বেলগাছি ইউনিয়ন পরিষদের সাবেক

চেয়ারম্যান চান্দ আলী, আইলহাস ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি আব্দুল ওয়াহাব মাস্টার, হাড়দী ইউনিয়ন বিএনপির মইনদ্দিন মিয়া, কুমারী ইউনিয়ন বিল্লাল হোসেন, গাংনী ইউনিয়ন বিএনপির মামুনুর মামুন,কালিদাপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আইনাল হোসেন, সাধারন সম্পাদক আলমগীর হোসেন লালন, ডাউকি ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দর হোসেন, সাধারন সম্পাদক সালাম সিরাজী, বেলগাছি ইউনিয়ন বিএনপি’র সভাপতি আমজাদ হোসেন, সিনিয়র সহ-সভাপতি ঝন্টু মালিতা, সাধারণ সম্পাদক কামাল হোসেন, খাসকররা ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দুর রশিদ, সাধারন সম্পাদক আব্দুর রাজ্জাক রাজা, নাগদাহ ইউনিয়ন বিএনপির সভাপতি বোরহান উদ্দিন, সাধারন সম্পাদক শাহীন আলম, আইলহাস ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক হারুন অর রশিদ, জেহেলা ইউনিয়ন বিএনপির সভাপতি শাহেদুজ্জাহ মিল্টন, সাধারন সম্পাদক আলাউদ্দিন খান আলা, বাড়াদী ইউনিয়ন বিএনপির সভাপতি বকুল হোসেন, সাধারন সম্পাদক শুকুর আলী, গাংনী ইউনিয়ন বিএনপি’র সভাপতি রেজাউর রহমান রেজু, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম আইনাল, ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান, সাধারন সম্পাদক আতাউল হুদা, বাড়াদী ইউনিয়ন বিএনপির ভারপ্তাত সভাপতি মনির হোসেন, সাধারন সম্পাদক শফিউল ইসলাম, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি শাহ আলম, সাধারন সম্পাদক পলাশ আহমেদ,খাদিমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেগুল ইসলাম বিশ্বাস, সাধারণ সম্পাদক লালন ইসলাম, চিতলা ইউনিয়ন বিএনপির সভাপতি রাজিব ফেরদৌস হাসান পাপেন, সাধারণ সম্পাদক মহাসিন আলী বিশ্বাস, সভাপতি জেলা যুবদলের নেতা মাগরিবুর রহমান মাগরীব, আইলহাস ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি তোজ্জামেল হক মাস্টার, জামজামি ইউনিয়ন লিয়াকত আলী, কুমারী ইউনিয়ন বিল্লাল হোসেন, হাড়দী ইউনিয়ন নাসির উদ্দিন, ভাংবাড়িয়া ইউনিয়ন সন্টু মিয়া, বেলগাছি ইউনিয়ন আব্দুল মজিদ, সাবেক ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান চান্দ আলী, ডাউকী ইউনিয়ন আব্দুল হান্নান, গাংনী ইউনিয়ন মামুনুর রশীদ মামুন, কালিদাসপুর ইউনিয়ন ময়নয়উদ্দিন, আব্দুর রহিত, খাসকররা নওশদ মাস্টার, চিতলা ইউনিয়ন আব্দুল হালিম,নাগদাহ ইউনিয়ন আব্দুর রশিদ হ্যাবা, যুবদল নেতা সুন্নত আলী, বাড়াদী ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি আব্দুল লতিফ।

আরও উপস্থিত ছিলেন, জেলা যুবদলের সহ-সাধারন সম্পাদক হাফিজ উদ্দিন হাবলু, শফিকুল হক সালাম, আলমডাঙ্গা উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক মীর উজ্জ্ল, সদস্য সচিব রফিকুল ইসলাম পৌর যুবদলের আহবায়ক নাজিম উদ্দীন মোল্লা, যুগ্ম আহবায়ক আব্দুল কাদের, জেলা ছাত্রদলের সহ-সভাপতি খন্দকার আরিফ, জেলা ছাত্রদলের সহ-সভাপতি

কৌশিক কাউনাইন রুবেল, আলমডাঙ্গা উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোঃ এমদাদ হোসন, সদস্য সচিব রাজু, আলমডাঙ্গা উপজেলা ছাত্রদলের সদস্য সচিব রাসেল আহমেদ, আলমডাঙ্গা পৌর ছাত্রদলের আহ্বায়ক আতিক হাসান রিংকু, সদস্য সচিব তন্ময় আহমেদ, আলমডাঙ্গা পৌর সেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকারিয়া হোসেন শান্ত প্রমুখ।

আলমডাঙ্গার রুশদান ফিজিক্স অলিম্পিয়াডে আঞ্চলিক পর্বে প্রথম

আলমডাঙ্গার বিশিষ্ট কবি লেখক ও হাটবোয়ালিয়া স্কুল এন্ড কলেজের সহকারি অধ্যাপক আসিফ জাহানের ছোট ছেলে রুশদান বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াডে আঞ্চলিক পর্বে প্রথম স্থান অধিকার করেছে।

গতকাল কুষ্টিয়া সরকারি কলেজে বেলা সাড়ে ১২ টার দিকে প্রতিযোগিতা শুরু হয়। প্রতিযোগিতায় প্রায় তিন শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন। প্রতিযোগিতায় আলমডাঙ্গা একাডেমির ষষ্ঠ শ্রেণীর ছাত্র মাহবীর হাসান রুশদান এ-গ্রুপে অংশগ্রহণ করে প্রথম স্থান অধিকার করে।

পুরস্কার প্রদান পুর্বক আলোচনা সভায় সভাপতিত্ব করেন, কুষ্টিয়া সরকারি কলেজের পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ও আহবায়ক বাংলাদেশ ফিজিক্স অলেম্পিয়াড আঞ্চলিক কমিটি সহযোগী অধ্যাপক প্রফেসর লাল মোহাম্মদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোল্লা মোহাম্মদ রুহুল আমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুষ্টিয়া সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ড, মোহাম্মদ আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক বাংলাদেশ ফিজিক্স অলেম্পিয়াড কমিটি ফয়েজ আহাম্মদ জাহাঙ্গীর মাসুদ। আয়োজনে বাংলাদেশ ফিজিক্স অলেম্পিয়াড।

আলমডাঙ্গা হাটবোয়ালিয়া স্কুল এন্ড কলেজের সহকারি অধ্যাপক আসিফ জাহান তার সন্তানের সাফল্যে সকলের কাছে দোয়া চেয়েছেন।

মাহবীর হাসান রুশদানের সাফল্যে অভিনন্দন জানিয়েছেন, আলমডাঙ্গা একাডেমির মহাপরিচালক আব্দুল হাই, অধ্যক্ষ এনামুল হক, আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাষ্টার, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম, গাঙচিল সাহিত্য সংস্কৃতি পরিষদের সাধারন সম্পাদক কবি হাবিবুর রহমান মজুমদার, আলাউদ্দিন আহমেদ পাঠাগারের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরি, কবি সিদ্দিকুর রহমান, গাঙচিলের সভাপতি কবি জামিরুল ইসলাম প্রমুখ।

আলমডাঙ্গা আলাউদ্দিন আহমেদ পাঠাগারের উদ্যোগে শীশুদের মাঝে বই ও কম্বল বিতরণ

আলমডাঙ্গা আলাউদ্দিন আহমেদ পাঠাগারের উদ্যোগে নতুন বছর উপলক্ষে প্রতি বছরের ন্যায় এবারও শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ এবং শিশু-কিশোরদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার আলমডাঙ্গা উপজেলার কামালপুর পাঠাগার চত্বরে আয়োজিত এ অনুষ্ঠানে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ, শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন শিক্ষা উপকরণ ও উপহার সামগ্রী প্রদান, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।

অনুষ্ঠানে কবি গোলাম রহমানের সভাপতিত্বে এবং কবি এম. সিদ্দিকুর রহমানের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাস্টার। তিনি কবি গোলাম রহমান চৌধুরির উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি হাবিবুর রহমান মজুমদার, বিআরএমপি’র সভাপতি ও কামালপুর বাইতুল আমান জামে মসজিদের সেক্রেটারি ডা. জিনারুল ইসলাম।

এছাড়াও বক্তব্য রাখেন বিআরএমপি’র সাধারণ সম্পাদক সাংবাদিক ডা. আতিক বিশ্বাস, কবি সিদ্দিকুর রহমানসহ অন্যান্য অতিথিরা।

অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে কবিতা পাঠ, পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও ইসলামী গজল পরিবেশন করা হয়। অনুষ্ঠান শেষে শীতার্তদের মাঝে কম্বল এবং শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন উপহার সামগ্রী বিতরণ করা হয়।

আলমডাঙ্গায় বেগম খালেদা জিয়ার আত্মার শান্তি কামনায় মন্দিরে বিশেষ প্রার্থনা

বাংলাদেশের সাবেক প্রধান মন্ত্রী বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার আত্মার শান্তি কামনা করে আলমডাঙ্গা উপজেলা পুজাউদযাপন ফ্রন্টের উদ্যোগে সত্যনারায়ন মন্দিরে আলোচনা সভা ও প্রার্থনা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ পুজা উদযাপন ফ্রন্টে আলমডাঙ্গা শাখার আহবায়ক মরিমল কুমার কালু ঘোষের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা মনীন্দ্রনাথ দত্ত। তিনি বলেন, দেশ নেন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে আমরা সনাতন ধর্মাবলম্বীর গভীর ভাবে শোকাভিভূত। তার আত্মার শান্তি কামনা করছি।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা পুজা উদযাপন কমিটির সভাপতি ডাঃ অমল কুমার বিশ্বাস। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, পৌর পুজা উদযাপন ফ্রন্টের আহবায়ক জয় কুমার বিশ্বাস, পৌর হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি লিপন কুমার বিশ্বাস, সম্পাদক পলাশ আচার্য, বিজয় কুমার সিহি, হারান অধিকারি, উৎপল দত্ত, শম্ভু দত্ত, দিপ্তি দত্ত, অশ্বিনী পরামানিক, গোপেন ভট্টাচার্য, রতন সাহা, আনন্দ পাল, সন্দিপ কর্মকার, শুশিল কর্মকার, রাবিন্দ্র দাস, অনুপ ঘোষ, নিরঞ্জন পরামানিক, জন বিশ্বাস, কল্লোল অধিকারি, মিহির বিশ্বাস, সহ সনাতন ধর্মাবলম্বী

ভক্ত বৃন্দ। প্রার্থনা পরিচালনা করেন, সত্য নারায়ণ মন্দিরের পুরোহিত সনু শর্মা।

আলমডাঙ্গায় নাশকতা মামলার আসামি আওয়ামী লীগ নেতা গ্রেফতার

আলমডাঙ্গায় পুলিশের বিশেষ অভিযানে নাশকতা মামলার আসামি আওয়ামী লীগের নেতা গ্রেফতার হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের বিশেষ অভিযানে নাশকতা মামলায় বাড়াদি ইউনিয়নের ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শাকিল (৫২) কে গ্রেফতার করেছে।

গত বৃহস্পতিবার রাতে আলমডাঙ্গা থানা পুলিশের একটি বিশেষ দল অভিযান চালিয়ে তাকে তার নিজ গ্রাম বাড়াদি থেকে তাকে গ্রেপ্তার করে। গ্রেফতারকৃত আসামি শাকিল আলমডাঙ্গা উপজেলার বাড়াদি গ্রামের সৌরভের ছেলে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং অপরাধ দমনের লক্ষ্যে চলমান বিশেষ অভিযানের অংশ হিসেবেই এই গ্রেপ্তার কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

গ্রেপ্তারকৃত আসামির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ শেষে গতকাল তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।